ভোরের ছোঁয়া স্মৃতি সংঘের জীবনানাশক স্প্রে‘র

মেহেরপুর শহরের শেখপাড়া ভোরের ছোঁয়া স্মৃতি সংঘের উদ্যোগে করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে এলাকায় জীবনানাশক স্প্রে‘র উদ্বোধন করা হয়েছে।

রবিবার সকালে ক্লাব প্রাঙ্গণ এলাকা থেকে স্প্রে করন কাজের উদ্বোধন করা হয়। ভোরের ছোঁয়া স্মৃতি সংঘের সভাপতি মলিন খান উপস্থিত থেকে স্প্রে করন কাজের উদ্বোধন করেন।

এ সময় সাধারণ সম্পাদক ও ৪নং আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ফাহাদ খান,পৌরসভার সাবেক কমিশনার মেজবাহউদ্দিন মেঘা সহ ক্লাবের অন্যান্য সদস্যগণ সেখানে উপস্থিত ছিলেন।

গাংনী পৌরসভার ওয়ার্ড কাউন্সিলরের খাদ্য সহায়তা

দরিদ্র পরিবারগুলোতে খাদ্য সহায়তা দিলেন গাংনী পৌরসভার ৮নং ওয়ার্ড কাউন্সিলর সাহিদুল ইসলাম। আজ শনিবার রাতে তিনি দাসপাড়ায় ৪০টি পরিবারে চাল, ডাল, আলু, পেঁয়াজ ও কাঁচা মরিচ প্রদান করেন।

দরিদ্র কর্মজীবী এসব মানুষ ঘরে বসে সময় কাটাচ্ছে করোনা ভাইরাস সতর্কতায়। তাদের পাশে মানবতার হাত বাড়িয়ে দিয়েছেন কাউন্সিলর সাহিদুল ইসলাম।

এ বিষয়ে তিনি বলেন, আমার ওয়ার্ডের যারা দরিদ্র তারা যাতে খাওয়ার কষ্ট না করে সেজন্য নিজ থেকে খাদ্য সহায়তা দিচ্ছি।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে নির্দেমনা দিয়েছেন তা বাস্তবায়নের মধ্য দিয়ে করোনা ভাইরাস মুক্ত হবো আমরা।

তাই সামাজিক দূরত্ব নিশ্চিত করতে এসব গরিব বাজারে কাজে যাচ্ছে না। তাদেরকে সাধ্যমতো সহায়তা করা হবে।

গাংনী পৌরসভার উদ্যোগে করোনা বিস্তার প্রতিরোধে ব্লিচিং মিশ্রিত পানি ছিটানো উদ্বোধন

মেহেরপুরের গাংনী পৌরসভার উদ্যোগে করোনা বিস্তার প্রতিরোধে ব্লিচিং মিশ্রিত পানি ছিটানোর উদ্বোধন করা হয়েছে।

মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ সাহিদুজ্জামান খোকন উপস্থিত থেকে এ পানি ছিটানোর কাজের উদ্বোধন করেন। এসময় পৌর মেয়র আশরাফুল ইসলাম উপস্থিত ছিলেন।

উদ্বোধন কালে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এমপি সাহিদুজ্জামান খোকন জনগণের উদ্দেশ্যে বলেন, আপনাদের নিরাপত্তার কথা ভেবে আমরা বিভিন্ন সময় বিভিন্ন পরামর্শ সহ নানান কাজ করে যাচ্ছি। আপনারা এ রোগ থেকে নিজেকে ও আপনজনদের রক্ষা করতে সচেতন হোন। জনসমাগম একেবারে এড়িয়ে চলুন।

অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, গাংনীর যে সাপ্তাহিক হাটে আজ মানুষের সমাগম লক্ষ করা গেছে তা রিতিমত অত্যান্ত ঝুঁকি পূর্ণ। মানুষকে এতকিছু বলার পরও তাদের হুশ হয়না কেন আমার বোধগম্য নয়।

তিনি বলেন, আমরা বামন্দীর বড় গরুর হাট বন্ধ করে দিয়েছি জনগণকে এ করোনা ভাইরাস থেকে রক্ষা করার জন্য। করোনা ভাইরাস বিস্তার যাতে না করতে পারে প্রতিদিন মাইকে সব এলাকায় সচেতনতামূলোক প্রচারণা চালিয়ে যাওয়া হচ্ছে।

তারপরও অনেকে তাতে কর্নপাত করছেননা এটা দূঃখজনক। গাংনীর হাট

যেহেতু ঝুকিপূর্ণ তাই আগামীতে যাতে জনসমাগম না হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

এ সময় স্থানীয় নেতা কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে খাদ্য ও আর্থিক সাহায্যের ঘোষনা দিলেন ফরহাদ হোসেন

মেহেরপুরে অসহায় দরিদ্র মানুষদের খাদ্য সামগ্রী ও আর্থিক সাহায্যের ঘোষনা দিলেন মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

শনিবার বিকালে ফরহাদ হোসেন তার নিজ ফেসবুক পেজে এ বিষয়ে একটি ফেসবুক স্ট্যাটাস দেন।

জন প্রশাসন প্রতিমন্ত্রীর ফেসবুক পোষ্টটি তুলে ধরা হলো,

সুপ্রিয় এলাকাবাসী, আমার নির্বাচনী এলাকার কোন অসহায় দরিদ্র মানুষের প্রয়োজনীয় খাদ্য সামগ্রী ও আর্থিক সাহায্যের জন্য যোগাযোগ করুন।

যোগাযোগ করার জন্য তিনি ৫টি মোবাইল নাস্বার দিয়েছেন,

শাহাজান সিরাজ দোলন-০১৯৮১১৭৪৩৪৩, মিজানুর রহামন হিরণ, ০১৭৬০৯৬৯০০১,আসিফ-০১৬৭১৮৮৭৩২২, কুতুব উদ্দিন-০১৯৫১২৬৭৭৩৯,ইব্রাহীম-০১৭৬৮৮৪২০৬৮।

উল্লেখ্য, গত ২৪ মার্চ সন্ধা থেকে মেহেরপুর লক ডাউন করা হয়েছে। সেই সাথে সকল মানুষকে ঘরে থাকার জন্য বলা হচ্ছে। করোনা ভাইরাস মোকাবেলায় এধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে সেনা টহল অব্যহত, হোম কোয়ারেন্টিনে ৪৬৮ জন ।

প্রাণঘাতী করোনা ভাইরাস সংক্রমণরোধে সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য মেহেরপুরের বিভিন্ন শহর ও গ্রামাঞ্চলে মাঠে নেমেছেন সেনাবাহিনীর সদস্যরা। শুক্রবার থেকে জেলার বিভিন্ন স্থানে নির্বাহী ম্যাজিস্ট্রেটের সাথে তারা টহল দিচ্ছেন।

সেনাবাহিনীর সদস্যদের হাতে রয়েছে জনসচেতনতামূলক বিভিন্ন প্রকার প্লাকার্ড। হাত ধোয়া, ঘরে অবস্থান করা, সামাজিক দূরত্ব বজায় রাখা ও প্রবাসী হোম কোয়ারিন্টিন করাসহ বিভিন্ন বার্তা নিয়ে তারা হাজির হচ্ছেন মানুষের কাছে। দলটি গাংনী উপজেলার সাহারবাটি কাথুলি তেতুঁলবাড়িয়া ও বামন্দি ইউনিয়নে প্রচার প্রচারনা চালায়।

এদিকে জেলা স্বাস্থ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্যমতে এপর্যন্ত ৪৬৮ জন প্রবাসীকে হোম কোয়ারেন্টিনে রাখা হয়েছিল। এদের মধ্যে ২৪৪ জন পরিবারে ফিরেছে। তবে মেহেরপুর জেলায় কোন ব্যাক্তি করোনা ভাইরাসে আক্রান্ত হয়নি বলে নিশ্চিত করেছেন জেলা স্বাস্থ্য বিভাগ।

এ বিষয়ে গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, মানুষের মাঝে সচেতনতা বেড়েছে। জরুরী কাজ ছাড়া কেউ ঘর থেকে বের হচ্ছে না। জনসমাগত ও চায়ের দোকানের আড্ডা বন্ধ করেছি। মানুষকে সচেতন করে সতর্ক করা হচ্ছে। এর পরেও যদি কেউ নির্দেশনা অমান্য করে তাহলে আইনের প্রয়োগ করা হচ্ছে।

এ সময় উপস্থিত ছিলেন বগুড়া ৪৪ পদাতিক ডিভিশনের অধিনায়ক লেফটেন্যান্ট কর্ণেল ফকরুদ্দীন

মেহেরপুরে জনসচেতনতায় সেনাবাহিনী ও জেলা প্রশাসনের যৌথ অভিযান

করোনা ভাইরাস মোকাবেলায় জন সচেতনতা মূলক প্রচার ও সামাজিক দুরত্ব নিশ্চিত করতে মেহেরপুরের বিভিন্ন জায়গায় অভিযান চালিয়েছে সেনাবাহিনী ও জেলা প্রশাসন।

জেলা প্রশাসক আতাউল গনির নেতৃত্বে শনিবার দুপুরে জেলার বিভিন্ন জায়গায় অভিযান চালানো হয়।

এসময় করোনা মোকাবিলা কি কি করনীয় এ বিষয়ে জনগনকে অবহিত করে বিভিন্ন স্লোগান দেওয়া হয়। সেই সাথে পথচারিদের সাবান বিতরণ করা ও রাস্তায় জীবাণুনাশক প্রোয়োগ করে সেনাবাহিনী।

সচেতন মূলক অভিযানে জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলী, জেলা সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন, উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম, সদর থানার ওসি শাহ দারা খান, জেলা গোয়েন্দা পুলিশের একটি দল উপস্থিত ছিলেন।

মেপ্র/এমএফআর

ধরা পড়লো মেহেরপুরের আলামিন চোর

অবশেষে ধরা পড়লো মেহেরপুরের আলামিন চোর। গত শুক্রবার দিবাগত রাত ১১টার দিকে গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামে জনতার হাতে ধরা পড়ে।

পরে গন ধোলাই দিয়ে তাকে কাথুলি ক্যাম্প পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

আলামিন বাড়ি মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামে।

ইতিমধ্যে সে মিয়া ফার্মেসীতে চুরির দায়ে জেলও খাটে কিছুদিন। এছাড়াও এলাকাবাসী জানান, বেশ কয়েকদিন ধরে আলামিন চোরের অত্যাচারে অতিষ্ঠ সাধারণ মানুষ।

কখনো ঘরের টিন কেটে আবার কখনো দরজা ভেঙ্গে সে বিভিন্ন কায়দায় মালামাল চুরি করতো।

তার আটক হওয়ার খবরে স্বস্তী পেয়েছে এলাকাবাসী।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে গাড়াবাড়িয়া ছাত্র উন্নয়ন সংঘের ভিন্ন উদ্যোগ

গাড়াবাড়িয়া ছাত্র উন্নয়ন সংঘ এবং ব্যবসায়ী সাজ্জাদ হোসাইন পলাশের এর উদ্যেগে করোনা ভাইরাস এর মহামারি এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে সাধারন মানুষের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কাজ করা হয়েছে।

শুক্রবার দিনব্যাপী এলাকার যুবকদের সাথে নিয়ে এই সামজিক সচেতনতা মূলক কাজ করা হয়েছে।

এর মধ্যে নিয়মিত মাইকিং মেডিসিন ও মুদি দোকানের সামনে বৃত্ত দেওয়া, হাতের গ্লাভস দেওয়া,
অসহায় মানুষের মাঝে সাবান ও অনান্য উপকরণ দেওয়া, মাস্ক বিতরণ ইত্যাদি।

এছাড়াও যেকোনো প্রয়োজনে মানুষের পাশের থাকার প্রত্যয় ব্যক্ত করেন সাজ্জাদ।

সেই সাথে করোনা ভাইরাস মোকাবেলায় এলাকার জনগনকে সচেতন হওয়ার আহবান জানান।

মেপ্র/এমএফআর

মেহেরপুর শহরে জীবণুনাশুক ঔষধ স্প্রে

করোনা ভাইরাস প্রতিরোধে মেহেরপুর শহরের প্রধান সড়কে জীবণুনাশুক ঔষধ স্প্রে করছেন পৌর মেযর মাহাফুজুর রহমান রিটন।

শুক্রবার দুপুর ১২ টা হতে মেহেরপুর পৌরসভা থেকে শহরের কমিউনিটি হলের সামনে, কলেজ মোড়ে, কোর্ট সড়ক সহ সারা সড়গুলোতে জীবাণু ধ্বংস করতে স্প্রে করা হচ্ছে।

এসময় পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন বলেন, মেহেরপুর পৌরসভায় করোনা ভাইরাস প্রতিহত করতে ও হাত ধোয়া সম্পর্কে সচেতনতার পাশাপাশি করোনা ভাইরাসের জীবাণু ধ্বংস করতে এই কার্যক্রম চালানো হচ্ছে।

মেহেরপুরে গৃহবধুর ঝুলন্ত লাশ উদ্ধার

মেহেরপুরে রুমকি খাতুন (২৩) নামের এক গৃহবধুর ঝুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ।

বৃহস্পতিবার দিবাগত রাত ১০ টার দিকে শহরের ৯নং ওয়ার্ড গোরস্থানপাড়ার তার স্বামী সোহাগের বাড়ির সিড়ি ঘর থেকে তাকে উদ্ধার করা হয়। লাশ উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে নেওয়া হয় ময়না তদন্তের জন্য।

আজ শুক্রবার দুপুরে ময়না তদন্ত শেষে পরিবারের হাতে লাশ হস্তান্তর করা হয়। নিহত রুমকি খাতুন মেহেরপুর শহরের ৯ নং ওয়ার্ডের আব্দুর রশিদের মেয়ে ও একই পাড়ার জামাল উদ্দিনের ছেলে সোহাগের স্ত্রী। নিহতের তিন বছরের একটি পুত্র সন্তান আছে।

এদিকে রুমকিকে হত্যা করে লাশ ঝুলিয়ে রাখা হয়েছে বলে অভিযোগ করেছে তার পরিবার।

নিহতের ভাই হাসান জানান, বেশ কিছুদিন ধরে ২ লক্ষ্য টাকা যৌতুকের জন্য চাপ দিচ্ছিল সোহাগ ও তার পরিবারের লোকজন। আমি তোর কাছে কিছু দিন সময় দাবি করি টাকা দেওয়ার জন্য। এরই মধ্যে গত রাতে সোহাগের পিতা জামাল আমাকে বলে তোমার বোনকে নিয়ে যাও। আমি রাত ১০টার দিকে গিয়ে সিড়ি ঘরে ঝুলন্ত অবস্থায় তাকে দেখতে পাই। পরে পুলিশে খবর দিলে পুলিশ এসে লাশ উদ্ধার করে। এসময় রুমকির গায়ে আঘাতের চিহ্ন দেখা যায়।

সদর থানার ওসি শাহ দারা খান জানান, আমরা ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠিয়েছি। প্রাথমিক তদন্তে এটি আত্মহত্যা বলে মনে হচ্ছে। তবে ময়না তদন্তের রিপোর্ট হাতে পেলে মূল বিষয়টি নিশ্চিত হওয়া যাবে। এঘটনার পর থকে সোহাগ ও তার পরিবারের লোকজন গা ঢাকা দিয়েছে। থানায় একটি হত্যা মামলা দায়ের করা হবে বলে জানাই তার পরিবারের লোকজন।

মেপ্র/এমএফআর